

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১৪৪

তারিখ: ২৬ বৈশাখ ১৪২৮

০৯ মে ২০২১

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্কবার্তা নেই।

আজ ০৯ মে ২০২১ খ্রিঃ তারিখ সকাল ৯.০০ ঘটিকা হতে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

খুলনা, পটুয়াখালী, যশোর, কুষ্টিয়া, ফরিদপুর, রাজশাহী, পাবনা, বগুড়া, রংপুর এবং ময়মনসিংহ অঞ্চল সমূহের উপর দিয়ে পশ্চিম/উত্তর-পশ্চিম দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

০৯ মে ২০২১ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ

সিনপ্টিক অবস্থাঃ লঘুচাপের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে। মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে।

পূর্বাভাসঃ রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, সিলেট, ঢাকা, বরিশাল, খুলনা, ও চট্টগ্রাম বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): বৃষ্টি/বজ্রসহ বৃষ্টিপাত প্ররণতা বৃদ্ধি পেতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৫.৫	২৯.৮	৩৬.০	৩২.৪	২৯.২	৩২.৭	৩৬.৮	৩৪.৫
সর্বনিম্ন তাপমাত্রা	২৩.০	২১.৪	২২.০	২১.৮	২১.৬	২১.০	২৪.৫	২২.০

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল খুলনা ৩৬.৮° সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা রাজারহাট ২১.০° সেঃ।

(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)

অগ্নিকান্ডের তথ্যঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ০৭ মে, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ০৮ মে, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ২৬ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডের নিহত ও আহতের সংখ্যা নিম্নে দেওয়া হলঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
---------	-------------	---------------------	--------------	---------------

১।	ঢাকা	৭	০	০
২।	ময়মনসিংহ	৩	০	০
৩।	বরিশাল	০	০	০
৪।	সিলেট	০	০	০
৫।	রাজশাহী	১	০	০
৬।	রংপুর	১	০	০
৭।	চট্টগ্রাম	৫	০	০
৮।	খুলনা	৯	০	০
	মোট	২৬	০	০

বজ্রপাতে মৃত ব্যক্তির তথ্যঃ

নেত্রকোণাঃ জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা জানান যে, গত ০৭.০৫.২০২১ তারিখে বজ্রপাতে খালিয়াজুরি উজেলায় কৃষ্ণপুর ইউনিয়নের কুতুবপুর গ্রামের মোঃ সুলতান মিয়া (৩০), পিতা: রমজান আলী নিহত হয়েছে। নিহত ব্যক্তির পরিবারকে নগদ ২০,০০০/- (বিশ হাজার) টাকা অনুদান প্রদান করা হয়েছে।

সূত্র: জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, নেত্রকোণা এর পত্র নং- ৫১.০১.৭২০০.০১৫.৪১.০২৭.২০-২৫১; তারিখঃ ০৮/০৫/২০২১ খ্রিঃ।

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক গৃহীত ত্রাণ কার্যক্রমঃ

১। ০২/০৫/২০২১ তারিখে ১২৬ নং স্মারকের মাধ্যমে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে কালবৈশাখী/ঘূর্ণিঝড় কোভিড-১৯/বন্যাসহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় আগাম প্রস্তুতি হিসেবে ৬৪ জেলার মোট ৪,৫৭০ ইউনিয়নের অনুকূলে নিম্নরূপ বরাদ্দ প্রদান করা হয়েছে।

ক্রঃ	খাতের নাম	বরাদ্দের পরিমাণ (নগদ অর্থ)
০১	দরিদ্র ও দুঃস্থ পরিবারের সাহায্যার্থে (৬৪ জেলার ৪,৫৭০ টি ইউনিয়নের অনুকূলে)	১১,৪২,৫০,০০০/-



৯-৫-২০২১

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল:

controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অনুবিভাগ

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১৪৪/১(১৭০)

তারিখ: ২৬ বৈশাখ ১৪২৮

০৯ মে ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৪) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
- ৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৭) বিভাগীয় কমিশনার (সকল)
- ৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৯) জেলা প্রশাসক (সকল)
- ১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ১১) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)



৯-৫-২০২১

কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা